# উল্লাপাড়া উপজেলা পরিষদের মে -২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ ঃ ২৪-০৫-২০২২ খ্রিঃ। সময় ঃ সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ" তে সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত উপজেলা পরিষদের মাসিক সভার সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | এপ্রিল/২০২২ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | এপ্রিল/২০২২ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি ঃ**<br><br>সার্পোর্টিং রুরাল ব্রীজ নামক প্রকল্পের আওতায় উল্লাপাড়া উপজেলাধীন হাটিকুমরুল হতে তাড়াশ জিসি সড়কের ৫৬৯২ মি. ও ৭৭৫০ মি. চেইনেজে দুইটি ব্রীজ অপসারণ করে অপেক্ষাকৃত বড় ব্রীজ নির্মাণের কাজ চলমান আছে। উক্ত নির্মাণ কাজের প্রাক্কলনে পুরাতন ব্রীজ ভাঙ্গার কাজ অন্তর্ভূক্ত আছে। বিধায় প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে পুরাতন ব্রীজগুলো অপসারণ করা যেতে পারে। | ডিভারসন রোড এর কাজ সম্পন্ন করে ব্রীজ দুটি অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। ব্রীজ দুটি ভাঙ্গা সম্পন্ন হলে পুরাতন মালামাল নিলামে বিক্রি করে টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদান করা হলো | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ২। ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) টেন্ডার এর আওতাধীন কাজ চলমান আছে। কাজের সার্বিক অগ্রগতি ৭০%<br>৩। ইউপি চেয়ারম্যানগণের আবেদনের ভিত্তিতে নিম্নোক্ত প্রকল্পের কাজের শিরোনাম সংশোধন করা প্রয়োজন ১) " চক চৌবিলা জুলমাতের বাড়ীর নিকট হতে মোজাহার সরকারের বাড়ীর দিকে সিসি রাস্তা নির্মাণ" এর পরিবর্তে " চক চৌবিলা দক্ষিণপূর্বপাড়া আবু সাঈদ এর বাড়ী হতে বরাতের দোকানের দিকে সিসি রাস্তা নির্মাণ" ২) " হেমন্তবাড়ী মাঠে বাউন্ডারী ওয়াল নির্মাণ " এর পরিবর্তে " হেমন্তবাড়ী মাঠে ৬ ফিট চওড়া সিসি রাস্তা নির্মাণ " ৩) "পুর্নিমাগাতী পুকুরপাড় খালে ৫০ ফিট গাইড ওয়াল নির্মাণ "এর পরিবর্তে " নাগরৌহা ব্রীজের দুই পার্শ্বে ৫০ ফিট গাইড ওয়াল নির্মাণ " | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের আবেদনের ভিত্তিতে প্রকল্পের শিরোনামগুলো সংশোধনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৪ | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি ঃ**<br>সভায় উপস্থিত উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, সারাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের উল্লাপাড়া উপজেলায় মোট ১৮টি কমিউনিটি বেইজড ওয়াটার সাপ্লাই স্কিম এর বরাদ্দ রয়েছে সেই সাথে উক্ত কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। উক্ত স্কিমের ৫০% স্থান তালিকা মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় ও ৫০% ইউপি চেয়ারম্যানগণ নির্বাচন করবেন। স্থান নির্বাচন সম্পন্ন হলে দ্রুত কাজ শুরু করা হবে। | মালামালের গুনগত মান নিশ্চিত করে দ্রুত কাজ শুরু করতে হবে। প্রাক্কলন অনুযায়ী গোড়া পাকাকরণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |
| ০৫ | **মহিলা ও শিশু বিষয়ক কমিটি ঃ**<br>১। ভিজিডি কর্মসূচির চাল বিতরণ সরকার নির্ধারিত সময়ে করতে | সরকার নির্ধারিত তারিখে তদারকি কর্মকর্তাদের | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | হবে। যদি কোন কারণে নির্ধারিত সময়ে বিতরণ করা না হয় তাহলে লিখিতভাবে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তাকে জানাতে হবে। তদারকি কর্মকর্তার উপস্থিতিতে ভিজিডির চাল বিতরণ নিশ্চিত করতে হবে। চাল বিতরণের মাস্টাররোল ০৩ দিনের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক অফিসে জমা প্রদান করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br><br>২। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচির প্রশিক্ষণে উপকারভোগীদের সম্মানীভাতা বরাদ্দ নাই। বর্তমানে সম্মানী ভাতা ছাড়াই প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনুরোধ জানান।<br><br>৩। মা ও শিশু সহায়তা কর্মসূচি জুলাই মাস থেকে কার্যকর করা হবে। অবহিতকরণ সভা করতে হবে। উদ্যোক্তাদের প্রশিক্ষন না হলে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অবহিত করার অনুরোধ জানান। | উপস্থিতিতে ভিজিডির চাল বিতরণ নিশ্চিত করতে হবে।<br><br>সম্মানীভাতা ছাড়াই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো। সংশ্লিষ্ট এনজিও প্রশিক্ষণ কর্মসূচিতে ইউপি চেয়ারম্যানগণের উপস্থিতি নিশ্চিত করবেন। | (সকল), উল্লাপাড়া<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৬ | **তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটি ঃ**<br>উল্লাপাড়া উপজেলার ১৫ টি ইউনিয়নের কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম আরও গতিশীল করতে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি ঃ**<br>**পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>পরিবার পরিকল্পনা বিভাগের অধীনে মাঠ পর্যায়ে স্যাটেলাইট ক্লিনিক, স্কুল স্বাস্থ্য কর্মসূচি, বাড়ী পরিদর্শন এবং ভ্রাম্যমান চলচিত্র প্রদর্শণী কার্যক্রম অব্যাহত আছে।<br>**স্বাস্থ্য বিভাগ ঃ**<br>উপজেলা স্বাস্থ্য বিভাগের অধীনে উপজেলার মোট জনগনের ৭০% ভ্যাকসিনেশনের আওতায় আনা সম্ভব হয়েছে। ভ্যাকসিনেশন কার্যক্রম অব্যাহত আছে। | উদ্বুদ্ধমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>ভ্যাকসিনেশন কার্যক্রম জোরদার করতে মাঠ পর্যায়ের কর্মীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৮ | **সমাজ সেবা বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, বয়স্ক ভাতার জন্য অনলাইনে আবেদন গ্রহণ চলছে। ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দপ্রাপ্ত বয়স্কভাতার তালিকা জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। যথাসময়ের মধ্যে বয়স্কভাতার তালিকা প্রেরণ করা না হলে অনলাইনে আবেদনকৃতদের মধ্যে থেকে উপকারভোগী নির্বাচন করা হবে। বয়স্কভাতা, প্রতিবন্ধীভাতা সহ অন্যান্য ভাতার উপকারভোগীদের নিয়ে উপজেলায় বড় একটি সমাবেশের আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | নির্ধারিত সময়ের মধ্যে বয়স্কভাতার তালিকা প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৯ | **মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি ঃ**<br>মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ সংক্রান্ত যে কোন সমস্যা দ্রুততম সময়ের মধ্যে সমাধান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১০ | **আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের অধীনে বর্তমানে ৭১জন ভাতাভোগী আনসার সদস্য রয়েছে। আসন্ন বড়হর ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে ভোট কেন্দ্রগুলোতে প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োগের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। | আনসার সদস্যদের দায়িত্বশীলতার সাথে কাজ করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১১ | **উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ**<br><br>উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য মে/২০২২ মাসে সম্ভাব্য মোট ৪,০০,০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আপ্যায়ন, আনুষাংগিক ও ইন্টারনেট বিল ভাতা খাতে ৪০০০০/- টাকা। কম্পিউটার মেরামত ও ফটোকপি মেশিন মেরামত খাতে ব্যয়িত ২৫০০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। মশা নিধনের জন্য ফগার মেশিনের জ্বালানী বাবদ উপজেলার মোট ১৪ টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ ১০০০০/- টাকার মোট ১৪০০০০/- টাকার জ্বালানী তেলের ভাউচার পাওয়া গেছে। উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা পরিশোধ করা প্রয়োজন। | আলোচ্য মে/২০২২ মাসে সর্বমোট ব্যয় হবে ৪০০০০+২৫০০০+১৪০০০০=২০৫০০০/- টাকা। উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী, ইউএনও অফিস |
| ১২ | **উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের আওতায় প্রাণি সম্পদ চিকিৎসা টিকা প্রদান কার্যক্রম, প্রশিক্ষণ উন্নত ঘাস চাষ, জাত উন্নয়নসহ যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২১-২০২২ অর্থবছরে সমস্ত কার্যক্রম জুন,২০২২ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৩ | **উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>সভায় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, রাজস্ব উদ্বৃত্ত ও এডিপি খাতের আওতায় বাস্তবায়নকৃত বিল নার্সারি কার্যক্রম চলমান আছে। সংশ্লিষ্ট বিলে বন্যার পানি প্রবেশ সাপেক্ষে পোনা অবমুক্ত করা হবে। এডিপি'র আওতায় পুর্নিমাগাতী ও পঞ্চক্রোশী ইউনিয়নে মৎস্য অভয়াশ্রম নির্মাণের কাজ চলমান রয়েছে। | মৎস্য অভয়াশ্রম ও বিল নার্সারি স্থাপনের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৪ | **উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া :**<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা জানান বোরো মৌসুমে আবাদকৃত ৩০.২৫০ হেঃ জমির বোরো ধান কর্তনের কাজ চলমান আছে। অদ্যাবধি ৭০% (২১.১৯০ হেঃ) জমির ধান কর্তন সম্পন্ন হয়েছে। উপজেলা কৃষি অফিসের সহায়তায় সরবরাহকৃত কম্বাইন হারভেস্টার দিয়ে অধিকাংশ এলাকায় ধান কর্তণ সফলতার সাথে সম্পন্ন হয়েছে। এছাড়া খরিপ-১ মৌসুমে ২৫০ হেঃ জমিতে আউশ ধান আবাদের লক্ষ্যে মাঠ পর্যায়ে কার্যক্রম অব্যাহত রয়েছে। | নির্বিঘ্নে বোরো ধান ঘরে তোলার জন্য এবং আউশ আবাদ বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৫ | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br><br>বর্তমান প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে এবং ইউনিয়ন পর্যায়ে আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা চলমান আছে। জুন, ২০২২ এর প্রথম সপ্তাহের মধ্যে উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। এর পরেই বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আয়োজনও যথাসময়ে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। | নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট যথাসময়ে সম্পন্ন করা নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৬ | **উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>উপজেলার বনবাড়ীয়া আশ্রয়ন ১ ও ২ প্রকল্প এবং এনায়েতপুর আশ্রয়ণ প্রকল্পগুলো মেরামত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় ও তদারকি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান ১৯-০৫-২০২২ তারিখে উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ যথাযথ ও সফলভাবে সম্পন্ন হয়েছে। সহপাঠ্যক্রম ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় উপজেলার স্কুল কলেজ ও মাদ্রাসার শ্রেষ্ঠ শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। ২৫-০৫-২০২২ তারিখে জেলা পর্যায়ে উক্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। মেধা | শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পাঠদান কার্যক্রম এবং শিক্ষক, শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিতকল্পে তদারকি কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | অন্বেষন প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। বাজেট প্রাপ্তি সাপেক্ষে সৃজনশীল মেধা, জাতীয় শিক্ষা সপ্তাহ, ২০২২ এ উপজেলায় নির্বাচিত শ্রেষ্ঠদের সনদ ও পুরস্কার প্রদান করা হবে। | | |
| ১৮ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>চলতি মাসে ৩৯ জন সদস্যের মাঝে ৯.৪৭ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয় এবং ৬.১০ লক্ষ টাকা আদায় করা হয়েছে। | ঋণ আদায় জোরদার করাসহ খেলাপী ঋণ হ্রাসে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৯ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>টিআর কাবিখার তালিকা অনুমোদন হয়েছে। টিসিবি বিতরণের সম্পন্ন করা হয়েছে। প্রাকৃতিক দুর্যোগ ও দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থদের যথাসময়ে নির্ধারিত ফরমে সাহায্যের জন্য আবেদন করার পরামর্শ প্রদান করেন। | বর্তমানে বজ্রপাত একটি প্রাকৃতিক দুর্যোগে পরিনত হয়েছে। বজ্রপাত প্রতিরোধে সরকারি রাস্তাগুলোতে তালগাছ/নারিকেল গাছ লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২০ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরে হতে ২০২১-২০২২ অর্থ বছরে বিভিন্ন ট্রেডে ১৪টি ব্যাচের লক্ষ্যমাত্রার মধ্যে মে, ২০২২ পর্যন্ত ১৩ টি ব্যাচে ৩৯০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ৯৩ জন প্রশিক্ষিত যুব ও যুব নারীর মাঝে ২৭,৬০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। যুব ঋণ আদায়ের হার ৯৭% এবং প্রশিক্ষণ প্রদানের হার ৯৩% | প্রশিক্ষণ কর্মসূচিতে উপজেলার প্রত্যন্ত অঞ্চলের শিক্ষিত বেকার যুব ও যুব নারীদের অগ্রাধিকার প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা উল্লাপাড়া |
| ২১ | **চেয়ারম্যান, উল্লাপাড়া সদর ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের খালিয়াপাড়া রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উল্লাপাড়া সদর ইউনিয়নের জন্য নতুন জায়গা নির্ধারনের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | উল্লাপাড়া ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য খাস জমির তথ্য প্রদান করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি), উল্লাপাড়া |
| ২২ | **চেয়ারম্যান, উল্লাপাড়া সদর ইউপি**<br><br>তিনি বলেন পঞ্চক্রোশী ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য ইউনিয়নের মধ্যবর্তী স্থান হিসেবে ইউনিয়ন পরিষদের বর্তমান অস্থায়ী কার্যালয়ে পরিষদের জন্য স্থায়ী অবকাঠামো নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এতে ইউনিয়নের সকল গ্রামের জনগনের সেবা গ্রহণে সুবিধা হবে মর্মে জানান। | ইউনিয়নের সকল গ্রামের সাধারণ মানুষ যাতে সহজে পরিষদের সেবা পেতে পারে এরূপ সুবিধাজনক স্থানে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য স্থান নির্বাচন করতে হবে। | চেয়ারম্যান, পঞ্চক্রোশী ইউপি |
| ২৩ | **চেয়ারম্যান, সলপ ইউপি ঃ**<br>তিনি তার ইউনিয়নের কাশিনাথপুর-রাধানগর-নলসোন্দা রাস্তার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এডিপি'র কাজের টেন্ডার হয়েছে এখনও কাজ শুরু হয়নি। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সাথে সমন্বয় করে দ্রুত কাজ শুরু করার অনুরোধ জানান।<br>৪০ দিনের কর্মসূচির কাজের বিল পরিশোধের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান। সমাজ সেবা দপ্তরের অধীনে ভাতার কার্ড দ্রুত বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>সোনতলা ক্লাবের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ক্লাবটি সরকারি খাস জমির উপর নির্মিত। ক্লাবটি অপসারণের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। | যেহেতু ০২টি নোটিশ জারি করা হয়েছে সেহেতু ক্লাবটি সরকারি জায়গা হতে সরিয়ে নেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ক্লাবে কোন অফিস করা যাবে না। বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>চেয়ারম্যান, সলপ ইউপি |
| ২৪ | **চেয়ারম্যান, মোহনপুর ইউপি, উল্লাপাড়া**<br>তিনি বলেন তার ইউনিয়নের কালিয়াকৈড় রাস্তাটিতে দুটি কালভার্ট সহ মেরামত করা প্রয়োজন। সুজা ও কালিয়াকৈড় গ্রামে পানির সমস্যা সমাধানে বাধ নির্মানের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | সরেজমিনে তদন্ত পূর্বক মোহনপুর ইউনিয়ন সুজা ও কালিয়াকৈড় গ্রামে পানির সমস্যা সমাধানে বাধ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

পাতা-০৪

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৫ | **চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি, উল্লাপাড়া**<br>তিনি উপজেলা মৎস্য দপ্তরের অধীন এবং বিএডিসি দপ্তরের অধীনে পুকুর খননের বিষয়ে আলোচনা করেন। সিমলা ব্রীজ হতে আফার পর্যন্ত রাস্তার কাজ দ্রুত শুরুর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। টিআর কাবিখার বিল পরিশোধের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | সিমলা ব্রীজ হতে রাস্তার কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৬ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br>উল্লাপাড়া উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের জন্য পরিষদের পূর্বপার্শ্বের দুটি পুকুর বালি দ্বারা ভরাট করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থান হিসেবে উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বের দুটি পুকুর বালি দ্বারা ভরাট করার জন্য প্রকল্পগ্রহণ এবং সার্বিক কার্যক্রম তদারকি করতে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থান হিসেবে উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বের দুটি পুকুর বালি দ্বারা ভরাট করার জন্য প্রকল্পগ্রহণ এবং সার্বিক কার্যক্রম তদারকি করার জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো।<br>জনাব মনিরুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া - আহবায়ক<br>জনাব আবু সায়েদ, উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া - সদস্য<br>জনাব আবুল কালাম আজাদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া- সদস্য | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br>পিআইও, উল্লাপাড়া |
| ২৭ | **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>যেসকল রাস্তা বৃষ্টির কারনে ক্ষতিগ্রস্থ হয়েছে সেসকল রাস্তা নিজ উদ্যোগে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | নতুন নির্মিত রাস্তার ছোট ছোট মেরামত কাজ নিজ উদ্যোগে দ্রুত সম্পন্ন করতে হবে | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২৮ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>উল্লাপাড়া উপজেলা পরিষদের নতুন বহুতল (চারতলা) ভবনের নির্মাণের জন্য উপজেলা পরিষদের পূর্বদিকের দুটি পুকুর বালি দিয়ে ভরাট করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রকল্প গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফসলী জমিতে জলাবদ্ধতার কারনে ফসল উৎপাদন ব্যাহত হচ্ছে। জরুরী ভিত্তিতে আবাদী জমি হতে পানি দ্রুত অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়াকে অনুরোধ জানান।<br>উপজেলা কৃষি অফিসের উদ্যোগে বৃক্ষ মেলা-২০২২ উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদের নতুন বহুলত (চারতলা) ভবনের নির্মাণের জন্য উপজেলা পরিষদের পূর্বদিকের দুটি পুকুর বালি দিয়ে ভরাট করার লক্ষ্যে প্রকল্প গ্রহণ করতে হবে।<br>উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফসলী জমিতে জলাবদ্ধতার নিরসনে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br>সহকারী প্রকৌশলী, বিএডিসি উল্লাপাড়া |
| ২৯ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>তিনি স্থানীয় সরকার বিভাগ, উপজেলা ০১ শাখার গত ১০-০৮-২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ নম্বর স্মারক পত্রটি পাঠ করে শুনান। উক্ত স্মারকপত্রে উপজেলা পরিষদের চেয়ারম্যানগণের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়ীর জ্বালানী ব্যয়/খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থ বছর (জুলাই, ২০২১ হতে জুন, ২০২২ মাসে) হতে উপজেলা পরিষদের জীপ গাড়ীর জ্বালানী ব্যয়/খরচ বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছর (জুলাই, ২০২১ হতে জুন, ২০২২ মাসে) হতে উপজেলা পরিষদের জীপ গাড়ীর জ্বালানী ব্যয়/খরচ বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী ইউএনও অফিস, উল্লাপাড়া<br>সাট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর ঃ ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২১-৫৮১ তারিখ ঃ ২৪-০৫-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। অধ্যক্ষ, সরকারি আকবর আলী কলেজ, উল্লাপাড়া।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৭। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৮। উপজেলা -----------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। চেয়ারম্যান, ---------------------------------------------------------------------------- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
১০। অফিস কপি।

24/05

(মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

25-05-2022